



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৩৮০/২৮৩

তারিখ : ২১-০৮-২০২২ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র : ক) গত ২৮-০৩-২০২২ খ্রি. তারিখের উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর-এর ০৫.৪৪.৪১৩৮.০০০.১১.০১৮.২০২২-৫২৩ নং স্মারক পত্র।

খ) অভিযোগকারীর ১৭-০১-২০২২ খ্রি. তারিখের আবেদন। (আইডি নং-১২০৮৩)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন-এর ম্যানেজিং কমিটির দাতা সদস্যের বিষয়ে প্রবিধান-২০০৯ এর ২(চ) ধারা অনুযায়ী ম্যানেজিং কমিটি বা গভর্ণিং বডির মেয়াদ শেষ হওয়ার অন্তত: ১৮০ দিন পূর্বে দাতা সদস্য হওয়ার জন্য বিদ্যালয়ের অনুকূলে নগদ বা চেকের মাধ্যমে =২০,০০০/- (কুড়ি হাজার) টাকা অথবা =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা দান করলে এক মেয়াদের অথবা আজীবন দাতা সদস্য হিসেবে গন্য হবে। উল্লেখ্য, জনাব মনু কুন্ডু ম্যানেজিং কমিটি বিদ্যমান থাকা অবস্থায় প্রবিধান-২০০৯ এর ২(চ) ধারা অনুযায়ী মেয়াদ উত্তীর্ণের ১৮০ দিন পূর্বে =২০,০০০/- (কুড়ি হাজার) টাকা ব্যাংকে জমা প্রদান করেন। ১ম এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ার পর এবং ২য় এডহক কমিটি শুরু হওয়ার পূর্বে জনাব কাজী মুস্তাফিজুল ইসলাম মুক্ত ও জনাব মোঃ সবুর শেখ =২০,০০০+২০,০০০=৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জমা প্রদান করেন এবং ২য় এডহক কমিটির মেয়াদের মধ্যে জনাব কাজী আজহারুল ইসলাম মানিক দাতা সদস্য হওয়ার জন্য =২০,০০০/- (কুড়ি হাজার) টাকা জমা প্রদান করেন। এমতাবস্থায় তদন্ত প্রতিবেদনের আলোকে এডহক কমিটি চলাকালীন যে সকল ব্যক্তি দাতা সদস্য হওয়ার জন্য টাকা জমা দিয়েছেন তারা বিধি লংঘন করেছেন বিধায় এডহক কমিটি চলাকালীন যে সকল ব্যক্তি টাকা জমা দিয়েছেন সে সকল ব্যক্তি দাতা সদস্য হতে পারবেন না। বিষয়টি নির্দেশক্রমে আপনাকে অবহিত করা হলো।

প্রধান শিক্ষক

সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন (১১৫৮২০)

ডাকঘর : সাগরদাঁড়ী, উপজেলা : কেশবপুর, জেলা : যশোর

২৪০
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক নং-বিঅ-৬/৬৩৮০/২৮৩(১-৫)

তারিখ : ২১-০৮-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
- ৫। সংরক্ষণ নথি।

২১/০৮/২০২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২১/০৮/২২